যুগান্তর

তারিখ ... 19 SEP 2016 ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

ঢাবি সাংবাদিক সমিতি

# সভাপতি ফরহাদ সম্পাদক মাহমুদ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির ২০১৬-১৭ সেশনের জন্য সভাপতি নির্বাচিত হয়েছেন দৈনিক বাংলাদেশ প্রতিদিনের বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ফরহাদ উদ্দিন এবং সাধারণ সম্পাদক হয়েছেন দৈনিক মানবজমিনের বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ফররুখ মাহমুদ। রোববার বেলা ১২টা থেকে দুপুর ১টা পর্যন্ত সমিতির কার্যালয়ে সাধারণ সদস্যদের প্রত্যক্ষ ভোটের মাধ্যমে তারা নির্বাচিত হন। ৩ সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশন ভোট গ্রহণের পুরো প্রক্রিয়াটি তদারকি করে। কমিটির অন্য পদে নির্বাচিতরা হলেন— সহসভাপতি ইংরেজি দৈনিক দি ইন্ডিপেন্ডেন্টের আনিসুর রহমান, যুগ্ম সম্পাদক দৈনিক বণিক বার্তার সাইফ সুজন, দফতর সম্পাদক দৈনিক যুগান্তরের মাহমুদুল হাসান নয়ন, অর্থ সম্পাদক ইংরেজি দৈনিক ঢাকা ট্রিবিউনের আরিফ মাহমুদ, কার্যনির্বাহী সদস্য পদে বৈশাখী টেলিভিশনের মুহাম্মদ ইবরাহিম সুজন, দৈনিক করতোয়ার মুতাসিম বিল্লাহ এবং দৈনিক আলোকিত বাংলাদেশের ইরফান এইচ সায়েম।